# দিঘলিয়া উপজেলা পরিষদের এপ্রিল/২০২৫ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-১১)

সভাপতি : আরিফুল ইসলাম
প্রশাসক,
উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

তারিখ : ২৩ এপ্রিল ২০২৫,

সময় : দুপুর ১২:৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

(উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় নিম্নরূপ বিষয়ভিত্তিক আলোচনা এবং সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত মার্চ/২০২৫, মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | মার্চ/২০২৫ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত। | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০২ | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সভায় উপস্থাপন: মার্চ/২০২৫ মাসে উপজেলা পরিষদ কর্তৃক আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করা হয় ।<br>সর্বমোট আয়- /-<br>মোট ব্যয়- /- | উপজেলা পরিষদের আয় সংশ্লিষ্ট হিসাবে জমা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট ক্যাশ বইসমূহ যথারীতি সংরক্ষণ করতে হবে। | প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট অফিস সহকারী। |
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান যে, প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের আওতায় ০৮ (আট) জন ঘাষ চাষি সুফলভোগীদের মাঝে ৫,০০০/- টাকা করে নগদ অর্থ প্রদান করা হয়েছে। এলডিডিপি প্রকল্পের আওতায় ১০ (দশ)টি পিজি গ্রুপের খামারীদের মাঝে চেয়ার-টেবিল বিতরণ করা হয়েছে। সমতল ভূমিতে বসবাসরত অনাগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আত্ম-সামাজিক ও জীবনমানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় পরবর্তীতে ০৫ (পাঁচ) জন করে মোট ১০ জন সুফলভোগীর মধ্যে হাঁস ও মুরগীর খাবার বিতরণ করা হবে। অত্র দপ্তরের চিকিৎসা প্রদান, ভ্যাকসিনেশন ক্যাম্পেইনসহ অন্যান্য সকল কার্যক্রম অব্যাহত রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি নীতিমালা অনুসরণপূর্বক দাপ্তরিক কাজ পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিঘলিয়া, খুলনা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, আসন্ন বর্ষা মৌসুমে ডেংগুর মশার প্রকোপ বৃদ্ধি পেতে পারে। এজন্য ব্যক্তিগতভাবে সবাইকে পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়ে সচেতন হবার জন্য বলেন | সভায় বিস্তারিত আলোচনান্তে ডেংগু মশার উপকরণ রোধ কল্পে সকল ইউপি চেয়ারম্যানগণকে তাদের নিজ নিজ ইউনিয়নে মাকিং এর মাধ্যমে সতর্কতা সৃষ্টির করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ[illegible] স্বাস্থ্য পরিবার পরিকল্পনা অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ০৫ | উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, পরিবার পরিকল্পনা বিভাগের অধীনে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের দীর্ঘদিন যাবত আসবাবপত্রের কোন বরাদ্দ পাওয়া যায়নি। তিনি বলেন জনস্বার্থে ঔষধপত সংরক্ষণ এবং সেবা প্রদানকারী ও সেবাগ্রহীতাদের জন্য জরুরি ভিত্তিতে আসবাবপত্রের প্রয়োজন মর্মে সভায় অভিমত পেশ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বর্তমানে উপজেলা পরিষদের কোন ফান্ড না থাকায় আপাতত বরাদ্দ প্রদান করা সম্ভব হচ্ছে না। পরবর্তীতে ফান্ড আসলে পরবতী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৬ | উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি অফিসার জানান যে, এপ্রিল/২৫ মাসে খরিপ-১ মৌসুমে/ ২০২৪-২৫ অর্থবছরে কৃষি প্রণোদনার আওতায় কৃষকদের মাঝে ৫০০ বিঘার উফশী আউশ বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়েছে এবং ব্রহ্মগাতী ব্লকে, দাসপাড়ায় ৫০ একর জমিতে সমলয় মাধ্যমে কমবাইন্ড হারভেস্টর দিয়ে ব্রি ধান ১০০ জাতের কর্তন করা হয়েছে এবং প্রতি হেক্টরে ৭.৩৪ টন ফলন হয়েছে। এ ধানে প্রোটিন ও জিংক রয়েছে যা মানুষের পুষ্টির চাহিদা মেটাতে সাহায্য করবে। অত্র উপজেলায় নতুন জাতের বিনা বাদান-৪ জাতের সম্প্রসারণ করার জন্য বিনা, গাজীপুর হতে বীজ ক্রয় করে কৃষকের হাতে দেওয়া হয়েছে। তিনি আরো জানান যে, আংড়ঘাটা ইউনিয়নের চেয়ারম্যানের মাধ্যমে কৃষক উপস্থিত নিশ্চিত করলে উপজেলা কৃষি অফিসার বা তার প্রতিনিধি কৃষকদের চাহিদ মোতাবেক প্রশিক্ষণ প্রদান করবেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে খরিপ-১ মৌসুমে কৃষক/কৃষানীদের চাহিদা মোতাবেক প্রশিক্ষণ প্রদান করে কৃষকের উন্নতি সাধন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৭ | উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য অফিসার জানান যে, সাসটেইনবল কোস্টাল এ্যান্ড মেরিন ফিশারিজ প্রকল্পের আওতায় আড়ংঘাটা মৎস্য আড়তের উন্নয়ন কাজ চলমান রয়েছে। ১৫ এপ্রিল থেকে ১১ জুন পর্যন্ত ৫৮ দিন সমুদ্রে মাছ না ধরা সংক্রান্ত অভিযান এবং ০১ নভেম্বর ২০২৪ থেকে ৩০ জুন ২০২৫ পর্যন্ত জাটকা রক্ষা অভিযান কার্যক্রম অব্যাহত রয়েছে। তিনি বলেন মৎস্য দপ্তর, দিঘলিয়ার পাশাপাশি ৫৮ দিনের অভিযান এবং জাটকা রক্ষা অভিযান ও মোবাইল কোর্ট একই সাথে নৌবাহিনী ও পরিচালনা করছে। সেক্ষেত্রে নৌবাহিনীকে বারবার বলা সত্ত্বেও তারা তাদের অভিযানের সিডিউল অফিসিয়ালি মৎস্য দপ্তর অথবা উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরকে অবহিত করছে না। ফলে তাদের সাথে সমন্বয় করতে অসুবিধার সম্মুখিন হতে হচ্ছে। বিষয়টি সকল ধরনের মৎস্য আহরণ নিষেধ। এছাড়া দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে জাটকা সংরক্ষন অভিযান আরো জোরদার করাসহ অত্র উপজেলার বিভিন্ন বাজারে আফ্রিকান মাগুর ক্রয় বিক্রয় সম্পর্কে খোজরেখে সেখানে তাৎক্ষনিক ভাবে মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। । | উপজেলা সিনিয়র মৎস্য অফিসার, দিঘলিয়া, খুলনা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, যুব উন্নয়ন অফিস অত্র কার্যালয়ে ২০২৪-২০২৫ অর্থবছরে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা অনুযায়ী যুব ও যুব মহিলাদেরকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। বাজেট অনুযায়ী চলতি মাসে ০১টি ব্যাচে ৩০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের জন্য জেলা কার্যালয়ের বিভিন্ন ট্রেডের বিজ্ঞপ্তি জারি হয়েছে এবং বিজ্ঞপ্তি মোতাবেক বিভিন্ন ট্রেডে যুবরা প্রশিক্ষণে অংশগ্রহণ করছে। ঋণ বিতরণের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। চলমান ঋণ আদায় শত ভাগ তবে, খেলাপী ঋণ আদায়ের জন্য জোর প্রচেষ্টা অব্যাহ আছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি বিধান অনুসরন পূর্বক যুব ও যুব মহিলাদেরকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান এবং ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম অব্যহত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ০৯ | উপজেলা বন দপ্তর | উপজেলা বন কর্মকর্তা জানান যে, করাতকল (লাইসেন্স) বিধিমালা ২০১২ এর ৩(১) বিধি মোতাবেক কোন ব্যাক্তি লাইসেন্স ব্যতীত কোন করাত-কল স্থাপন বা পরিচালনা করিতে পারিবেন না। অত্র দিঘলিয়া উপজেলায় ২৩টি করাত-কল মালিক অবৈধভাবে করাত-কল ব্যবসা পরিচালনা করায় সরকার রাজস্ব আয় থেকে বঞ্চিত হচ্ছে। সরকারী রাজস্ব আয়ের স্বার্থে লাইসেন্স গ্রহন একান্ত আবশ্যক। ইতিপুর্বে উক্ত করাত-কল মালিকদের বিরূদ্ধে ৪ টি পি,ও,আর,বন মামলা দায়ের এবং মোবাইল কোর্ট আইন ২০০৯ এর ৮ (১) /৯(১) ধারায় পুর্ব ঘোষনা ছাড়াই বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মহোদয় ভ্রাম্যমান আদালত পরিচালনার মাধ্যমে ৭ টি করাত-কল মালিকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হয়েছে। অবৈধ করাত-কল মালিকদের বারবার তাগাদা দিলেও তারা জানান তারা ইউনিয়ন পরিষদ থেকে ব্যবসা পরিচালনার জন্য ট্রেড লাইসেন্স গ্রহন করেছে এবং পরিবেশ অধিদপ্তর হতে কোন ছাড়পত্র পাচ্ছেন না বিধায় করাত-কল লাইসেন্স প্রাপ্তিতে জটিলতা সৃষ্টি হচ্ছে। | এ ব্যাপারে বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি-বিধান অনুসরন পূর্বক অবৈধ করাত-কল মালিকদের নোটিশ প্রদান এবং পরবর্তীতে মোবাইলকোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসন ও উপজেলা ফরেস্ট অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১০ | উপজেলা প্রকৌশলী দপ্তর | <u>প্রস্তাব-১ :</u> উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি ২০২৪-২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ও উপজেলা উন্নয়ন তহবিল এর আওতায় অনুমোদিত প্রকল্পের মধ্যে প্রকল্প কমিটির মাধ্যমে কাজ প্রায় সমাপ্তির পর্যায় রয়েছে এবং টেন্ডারের প্রকল্পগুলি প্যাকেজ ভিত্তিক লটারির মাধ্যমে ঠিকাদার নির্বাচিত হয়েছে। অচিরেই নির্বাচিত ঠিকাদারের অনুকূলে প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য কার্যাদেশ প্রদান করা হবে।<br><br>সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ উপজেলা-২ শাখার ০৯ মার্চ ২০২৫ খ্রি: তারিখের ৭০০ নং স্মারকমূলে চলতি ২০২৪-২৫ অর্থবছরে উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন অফিস, বাসা-বাড়ী, অভ্যন্তরীণ ড্রেন, পুকুরপার ইত্যাদি মেরামতের লক্ষ্যে | বিস্তারিত আলোচনান্তে চলতি অর্থবছরের মধ্যে প্রকল্প কমিটি ও টেন্ডারের মাধ্যমে অনুমোদিত সকল প্রকল্পগুলি বাস্তবায়ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>সভায় বিস্তারিত আলোচনান্তে অর্থ বছরের মধ্যে দ্রুত কাজ বাস্তবায়ন করার লক্ষে প্রস্তাবিত প্রাক্কলন হতে গুরুত্ব বিচারে ছোট ছোট অংশে ভাগ করে ০৭ (সাত) টি | প্রশাসক উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৪৫.৩৭৫০ কোটি (পঁয়তাল্লিশ কোটি সাইত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ছাড়ের মঞ্জুরি প্রদান করা হয় তার মধ্যে দিঘলিয়া উপজেলা ০৮ (আট) টি প্রস্তাবিত প্রকল্পের প্রাক্কলন একত্রে সর্বমোট= ৭৬,২৩,৪৭৬/৪২ (ছিয়াত্তর লক্ষ তেইশ হাজার চার শত ছিয়াত্তর) টাকার প্রাক্কলনের মধ্যে হতে ৪০.০০ (চল্লিশ লক্ষ) টাকার বরাদ্দ পাওয়া গেছে যা চাহিদার তুলনায় কম বরাদ্দ পাওয়ায় অনুমোদিত অর্থের মধ্যে সমন্বয় করে বাস্তবতা ও চাহিদা অনুয়াযী প্রকল্পের পৃথক পৃথক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রকল্প গুলো নিম্নরুপ: ১। (ক) উপজেলা পরিষদের অভ্যন্তরে নির্বাচন অফিসের সামনে নতুন ড্রেন এবং পুরাতন ড্রেনে উচ্চ স্লাব স্থাপন (খ) উপজেলা পরিষদের পুরাতন ভবনের পিছনে ড্রেন মেরামত=৫,৩৪,৬৪৬/৮৬ ২। (ক) উপজেলা পরিষদের প্রধান গেটের সামনের ড্রেনের উপর উচ্চ স্লাব স্থাপন (খ) উপজেলা পরিষদের ভবন মেরামত (গ) উপজেলা পরিষদের পাম্প হাউজ মেরামত=৬,০০,০০০/- ৩। (ক) উপজেলা পরিষদের হলরুম মেরামত (খ) উপজেলা পরিষদের ভবন মেরামত=৫,৬৩,০০১/২৬ ৪। উপজেলা পরিষদের ভবন মেরামত=৫,৯৯,৩৪৬/৪৪ ৫। উপজেলা পরিষদের ভবন মেরামত=৬,০০,০০০/- ৬। উপজেলা পরিষদের পুরাতন (ইউটিডিসি) ভবনের মেরামত= ৫,০৩,০০৭/১০ ৭। উপজেলা পরিষদের রোড ও পুকুর পাড় এবং সাইড ওয়াল মেরামত=৬,০০,০০০/- সর্বমোট=৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) টাকা। উক্ত প্রকল্পগুলির প্রাক্কলন অনুমোদন ও বাস্তবায় পদ্ধতি সম্পর্কে আলোচনা প্রয়োজন। | প্যাকেজে বিভাজন করে R F Q পদ্ধতি অবলম্বনের মাধ্যমে বাস্তবায়ন করার সিদ্ধান্ত হয়। | |
| | | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরে এডিপি ও ইউভিএফ এর টেন্ডার বিজ্ঞপ্তি বহুল প্রচারের জন্য পত্রিকায় প্রকাশ করা হয়। উক্ত পত্রিকার বিজ্ঞপন বিল পাওয়া গিয়াছে বিল যা নিম্নরুপ:<br>১। দৈনিক ভয়েস অফ টাইগার পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপন বিল বাবদ টাকা=৭,৫৯০/-<br>উক্ত পত্রিকার বিল পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হলো। | সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত পত্রিকা বিল টি প্রদানের ক্ষেত্রে আলাদা কোন বরাদ্দ না থাকায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১১ | উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, এপ্রিল/২৫ মাসিক আদায় ৬,৫২,১৫০/- (এক লক্ষ বায়ান্ন হাজার এক শত পঞ্চাশ) মোটা ভাতাভগী ১৩,৮৬৯ (তের হাজার আট শত উনশত্তর) জন মার্চ/২৫ পর্যন্ত পেরোল দেয়া হয়েছ। তিনি আরো জানান যে ১৩০৩০ (এক হাজার তিন শত ত্রিশ) জন অনুপস্থিত ভাতাভোগীদের তালিকা সকল ইউনিয়ন পরিষদে ইতোমধ্যে | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি-বিধান অনুসরন পূর্বক দাপ্তরিক কর্ম পরিচালনাসহ অনুপস্থিত ভাতাভোগীর বিপরীতে নতুন ভাতাভোগী নির্বাচন করে | উপজেলা সমাজসেবা অফিসার, দিঘলিয়া, খুলান। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রেরণ করা হয়েছে। উক্ত অনুপস্থিত ভাতাভোগীদের উপস্থিত করাতে হবে। অনুপস্থিত /মুক্তা ভাতাভোগীদের বিপরীতে প্রতিস্থাপনের জন্য দারিদ্রতার ভিত্তিতে ভাতাভোগীদের নামের তালিকা দেওয়ার জন্য আলোচনা করা হয়। | প্রতিস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক অফিসার জনান যে, ভিডব্লিউবি ২০২৫-২০২৬ চক্রের আবেদন করার জন্য প্রতিটি ইউনিয়ন হতে সচিব ও ০২ জন উদ্যোক্তার আইডি সক্রিয় করা হয়েছে কিন্তু সার্ভার সক্রিয় না থাকায় আবেদন করা সম্ভব হচ্ছে না। তিনি আরো বলেন মা ও শিশু সহায়তা কর্মসূচীর সার্ভার সক্রিয় না থাকায় এপ্রিল ২০২৫ খ্রি মাসে আবেদন করা সম্ভ হচ্ছে না। তিনি আরো জানান যে, কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে। তিনি আরো বলেন এপ্রিল ২০২৫ মাসে নারী নির্যাতন প্রতিরোধ সেলে ২ টি বাল্য বিবাহ বন্ধ করা হয়েছে। তিনি আরো বলেন এপ্রিল ২০২৫ মাসে ০২ টি উঠান বৈঠাক করা হয়েছে। ০৬ জন অসহায় মাহিলাকে কাউন্সিলিং প্রদান করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি-বিধান অনুসরন পূর্বক দাপ্তরিক কর্ম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ১৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর। | উপজেলা একাডেমিক সুপার ভাইজার জানান যে, এসএসসি পরীক্ষা ২০২৫ চলমান রয়েছে। আগামী ১৩ ই মে পরীক্ষা শেষ হবে। তিনি আরো জানান ২০২৫ শিক্ষা বর্ষের সকল পাঠ্য পুস্তক পাওয়া গিয়েছে এবং সকল পাঠ্যপুস্তক বিধি মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণ করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে এসএসসি পরীক্ষা-২০২৫ যাতে সুষ্ঠু ও সুন্দর পরিবেশে অনুষ্ঠিত হয়। সে জন্য সকলের সহোযোগীতা কামনাসহ সরকারী বিধি বিধান অনুসারে বই বিতরনসহ দাপ্তরিক কার্য পরিচালনা এবং অবশিষ্ট বই পাওয়া মাত্রই বিদ্যালয়ে বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ১৪ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, দিঘলিয়া উপজেলায় খোলা বাজারে চাল বিক্রি কার্যক্রম চলমান আছে। উপজেলা চৌরাস্তার মোড়, সেনহাটী বাজার এবং পথেরবাজার তিনটি কেন্দ্রে প্রতিদিন গড়ে ৩ টি কেন্দ্রে ডিলার প্রতি ২০০০ কেজি চাল জনপ্রতি ৫কেজি হারে লাইনে দাড়িয়ে ক্রয় করতে পারবেন। প্রতি কেজি চাউলের মূল্য ৩০/- (ত্রিশ) টাকা করে। তিনি আরো বলেন ইহা ছাড়া চলতি এপ্রিল/২৫ মাসে খাদ্য বান্ধব কর্মসূচিতে পুষ্টি চাল বিতরন করা হবে। যা বিতরনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। তিনি আরো জানান যে, অত্র উপজেলায় খাদ্য বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। এছাড়া তিনি আরো জানান যে, খাদ্য বান্ধব কর্মসূচি ডিলার নিয়োগ এর ২৫-০২-২০২৫ খ্রি: তারিখে দৈনিক অর্নিবাণ খবরের কাগজে বিজ্ঞপ্তি জারী করা হয়। যা বর্তমানে হাইর্কোটের স্থগিত আদেশের পরিপ্রেক্ষিতে স্থগিত রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি-বিধান অনুসরন পূর্বক দাপ্তরিক কর্ম পরিচালনাসহ ভর্তুকী মূল্যের চাউল বিতরণে কোন প্রকার সমস্য সৃষ্টি না হয় সে বিষয়ে নিয়মিত মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দিঘলিয়া, খুলনা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | উপজেলা আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ভিডিপি অফিসার জানান যে, তার দপ্তর হতে ২৮ দিন মেয়াদী (অস্ত্রসহ) ভিডিপি এ্যাডভ্যান্স প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। তিনি জানান আনসার ও ভিডিপি উন্নয়ন ব্যাংকের শেয়ার ক্রয়কৃত সদস্যদের লভ্যাংশ বিতরণের তথ্য ফর্ম চলছে। তিনি বলেন অঙ্গীভূত আনসার সদস্যদের বাৎসরিক ফায়ারিং অনুশীলন চলমান রয়েছে। তিনি বলেন আনসার সদস্যদের সতেজকরণ প্রশিক্ষণ এবং দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবকি ভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি-বিধান অনুসরণ পূর্বক দাপ্তরিক কর্ম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উ... আনস... ভিডিপি... অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১৬ | চেয়ারম্যান দিঘলিয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান দিঘলিয়া ইউনিয়ন পরিষদ জানান যে, ভিডাব্লিউবি কার্যক্রম যাতে নীতিমালা অনুযায়ী বাস্তবায়ন করা হয়। সে জন্য তিনি সভাকে বিশেষভাবে অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ভিডব্লিউবি কার্যক্রম নিতিমালা অনুযায়ী বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১৭ | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, আগামী অর্থবছর থেকে প্রতিটি ইউনিয়নে একটি বাজেট প্রদান করা হবে। তা হতে একটি করে দৃশ্যমান প্রকল্প গ্রহন করা হবে এবং সেটি যাচাই বাছাই অন্তে বাস্তবতার ভিত্তিতে বাস্তবায়ন করা হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রেরিত প্রকল্পের মধ্যে হতে প্রয়োজনীয়তার ভিত্তিতে দৃশ্যমান প্রকল্প গ্রহন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, এবং উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুলনা। |

মার্চ/ ২০২৫ মাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিস্তারিত বিবরণ

| মাসের নাম | ব্যয়ের বিবরণ | মোট ব্যয় |
|---|---|---|
| | ০১। উপজেলা পরিষদের এক মাসের আপ্যায়ন বাবদ = ৩০,০০০/-<br>০২। উপজেলা পরিষদের এক মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ= ৫,০০০/-<br>০৩। জনাব লিয়াকত আলী খান, মালী এর মর্চ/২০২৫ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৫,৪০০/-<br>০৪। জনাব স্বপন কুমার দাস, পরিচ্ছন্ন কর্মী এর ফেব্রুয়ারি/২৫ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৫,৪০০/-<br>০৫। সালেহা বেগম, অফিস সহায়ক, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় দিঘলিয়া, খুলনা এর নামে বাংলা ১৪৩২ সনের দিঘলিয়া উপজেলার হাট-বাজার ইজারা জনিত খরচের বিল বাবদ = ২৪,০০০/-<br>০৬। আব্দুল হাকিম মল্লিক উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর নামে বাংলা ১৪৩২ সনের দিঘলিয়া উপজেলা আন্ত: ইউনিয়ন খেয়াঘাট ইজারা জনিত খরচের বিল=২৪,৮৫০/-<br>০৭। সালেহ বেগম, অফিস সহায়ক, উজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দিঘলিয়া, খুলনা এর নামে উপজেলা পরিষদের ভিতরের সিসি ক্যামেরা মেরামত কাজের বিল বাবদ =২৫,০০০/-<br>০৮। সালেহ বেগম, অফিস সহায়ক, উজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দিঘলিয়া, খুলনা এর নামে উপজেলা পরিষদের ভিতরের সিসি ক্যামেরা মেরামত কাজের বিল বাবদ =২৫,০০০/-<br>০৯। মোঃ হাফিজুর রহমান, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দিঘলিয়া খুলান এর নামে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের জানালার গ্লাস পরিবর্তন ও মেরামত কাজের বিল বাবদ=২৪,৯৮২/-<br>১০। মোঃ মিজানুর রহমান গাড়ি চালক, উপজেলা পরিষদ, দিঘলিয়া খুলনা এর মার্চ/২৫ মাসের জীপ গাড়ির জ্বালানী তেলের বিল=১০,৪০০/=<br>১১। আব্দুল হাকিম মল্লিক অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দিঘলিয়া খুলনা এর নামে মহান স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে বিভিন্ন খরচের বিল বাবদ=২৫,৫০০/- | ২,৪২,৩৭১/- |

CS CamScanner

| | |
|---|---|
| | ১২। রামপদ, পরিচ্ছন্নতা কর্মী, উপজেলা পরিষদ, দিঘলিয়া এর নামে উপজেলা পরিষদের আনসার ভিডিপির আবাসিক ভবনের সামনে সেফটি টেংকি পরিস্কার বাবদ=৯,৫০০/- |
| | ১৩। আব্দুল হাকিম মল্লিক অফিস সহায়ক উপজেলা পরিষদ দিঘলিয়া খুলনা এর নামে মহান স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে বিভিন্ন খরচের বিল বাবদ=২,০০০/- |
| | ১৪। জনাব মোঃ রাইছুল ইসলাম, সাঁটমুদ্রাক্ষারিক- কাম- কম্পিউটার অপারেটার, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর মার্চ/২৪ মাসের সি,পি, এফ এর ১০% অর্থ প্রদান বাবদ=১,৮৮৬/- |
| | ১৫। জনাব মিজানুর রহমান, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর মার্চ/২৪ মাসের সি,পি, এফ এর ১০% অর্থ প্রদান বাবদ=১,৭৫১/- |
| | ১৬। জনাব আব্দুল হাকিম মল্লিক, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর মার্চ/২৪ মাসের সি,পি, এফ এর ১০% অর্থ প্রদান বাবদ=১,৩৫১/- |
| | ১৭। জনাব মোঃ হাফিজুর রহামন, অফিস সহায়ক উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর মার্চ/২৪ মাসের সি,পি, এফ এর ১০% অর্থ প্রদান বাবদ=১,৩৫১/- |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২২.০৪.২৫

(আরিফুল ইসলাম)
প্রশাসক
উপজেলা পরিষদ
দিঘলিয়া, খুলনা।
ফোন০২৪৭৭৭৩৩৮০৫

স্মারকনং-০৫.৪৪.৮৭২৫.০০১.১১.০১১.২০- ৩৯০

তারিখ: ২২.০৪.২০২৫ খ্রি:

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

২০০১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৩। জেলা প্রশাসক, ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা।
০৪ উপপরিচালক, স্থানীয় সরকার, খুলনা।
০৫। উপজেলা ..................................................কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা।
০৬। চেয়ারম্যান, ......................................ইউপি (সকল), দিঘলিয়া, খুলনা।
০৭। জনাব ................................................ সদস্য, উপজেলা পরিষদ সাধারণ সভা, দিঘলিয়া, খুলনা।
০৮। উপজেলা আই.সি. টি কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা। বিষয়টি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

২২.০৪.২৫

(আরিফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
দিঘলিয়া, খুলনা।
ফোন০২৪৭৭৭৩৩৮০৫

CS CamScanner